

এসময় পরিষ্কার কাপড় বা স্যানিটারি প্যাড ব্যবহার করতে হবে। কাপড় সাবান, স্যাভলন বা ডেটল দিয়ে পরিষ্কার পানি দিয়ে ধুয়ে কড়া রোদে শুকাতে হবে। পুষ্টিখর খাবার ও পরিষ্কার-পরিচ্ছন্ন থাকতে হবে। সে অনুসারে কাজ করে আমি বর্তমানে অনেক ভালো আছি। আমার মত পরিচিত কিশোরীদের এইসব মেনে চলা এবং রেডিও মেঘনা শনার কথা বলি যাতে করে তাদের লজ্জা ভেঙে সুস্থ ভাবে থাকতে পারে’ এমনটি জানাচ্ছিলেন, উত্তর মাদ্রাজের সাথী আক্তার (১৭)।

রেডিও মেঘনা সংবাদ



ছবি: মোসুমী
তারিখ: ২০ আগস্ট, ১৯

অতি বৃষ্টিতে জলাবদ্ধতার কারণে আমন ধান রোপনে পিছিয়ে চরফ্যাসনের কৃষকরা

বর্ষা মৌসুমের আগে থেকে অতি বৃষ্টির কারণে মাঠ জুড়ে জলাবদ্ধতার সৃষ্টি হয়। ফলে একবার বীজ বপন করলেও তা পানিতে তলিয়ে নষ্ট হয়ে যায়। পরবর্তীতে আবার বীজ বপন করলে আমন রোপনের সময় অনেকটা বিলম্ব হয়ে যাচ্ছে বলে জানা যায়। সরজমিনে গিয়ে চরফ্যাসন আমিনাবাদ এলাকার কৃষক জামাল, সেলিম ও কামলের সাথে কথা বলে জানা যায়, আমন রোপনের সময় পার হয়ে গেলেও এখনো তা রোপন করতে পারেননি। তবে দেরি হলেও দ্বিতীয় বারের মত বীজ বপন ও জমি প্রস্তুতির কাজ চলছে। আর অল্প কিছুদিনের মধ্যে জমি রোপন করবেন বলে আমাদের জানান তারা।

শ্রোতা ক্লাব:

কমিউনিটি রেডিওতে রয়েছে প্রত্যেক শ্রোতার নিজস্ব মতামত জানানোর অধিকার। শ্রোতাদের মতামত জানানোর জন্য আমরা গঠন করেছি “শ্রোতা ক্লাব”। রেডিও মেঘনায় ৪০ টি শ্রোতা ক্লাব রয়েছে। তার মধ্যে উল্লেখ্য যোগ্য ক্লাব হলো-কিশোরী, গৃহিনী, কৃষি, ক্ষুদ্র ব্যবসায়ী ক্লাব।

- ডেঙ্গু নিয়ে ডাক্তারের সাথে লাইভ অনুষ্ঠানে অনেক শ্রোতা ফোন কল করে পরামর্শ পেয়ে উপকৃত হয়েছেন।
- জ্বর, মাথা ব্যথা, এলার্জি, মুখে মেছতা হলে ঘরোয়া পরিবেশে করণীয় সম্পর্কে জেনেছেন।
- চাকরির খরব অনুষ্ঠান শুনে আবেদনের সময়সীমা, শিক্ষাগত যোগ্যতা, বেতন কাঠামো জেনে আবেদন করেন।

যোগাযোগ:

কণিকা রানী

সহকারি স্টেশন ম্যানেজার, রেডিও মেঘনা

ফোন: ০১৭০৮ ১২০৩৯০

ই-মেইল: konika.radiomeghna@gmail.com

কুলসুমবাগ, চরফ্যাসন, ভোলা।